

জাতীয়

নয়াদিল্লিতে অজিত দোভালের সঙ্গে প্রতিরক্ষা উপদেষ্টার বৈঠক

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নয়াদিল্লিতে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এ কে এম শামছুল ইসলাম।

বিমস্টেকভুক্ত (বঙ্গোপসাগর উপকূলবর্তী দেশগুলোর একটি আঞ্চলিক অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতা জোট) দেশগুলোর জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের আগে গত ১৫ জুলাই এই বৈঠক অনুষ্ঠিত হয়।

তবে এই বৈঠকের বিষয়ে কোনো পক্ষই কোনো আনুষ্ঠানিক বিবৃতি দেয়নি।

জুলাই অভ্যুত্থানের পর আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে দুই দেশের মধ্যে সম্পর্কের টানাপোড়েন চলছে। এর মধ্যেই বৈঠকটি অনুষ্ঠিত হলো।

বাংলাদেশে রাজনৈতিক পট পরিবর্তনের দুই বছর পর সম্প্রতি দুই দেশের সম্পর্কে উন্নতির কিছু লক্ষণ দেখা গেছে। তবে সীমান্ত হত্যা, পুশ ইনসহ বেশ কিছু বিষয়ে এখনো টানা পোড়েন রয়েছে। গত ফ্রেয়ারিতে বিএনপি সরকার গঠন করলেও দ্বিপক্ষীয় সম্পর্কে দৃশ্যমান পরিবর্তন হয়নি।

ভারতের আয়োজনে ১৬ জুলাই অনুষ্ঠিত হয় বিমস্টেকভুক্ত (বঙ্গোপসাগর উপকূলবর্তী দেশগুলোর একটি আঞ্চলিক অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতা জোট) দেশগুলোর জাতীয় নিরাপত্তা প্রধানদের পঞ্চম সম্মেলন। এতে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন এ কে এম শামছুল ইসলাম।

গত ১৯ জুলাই বিমস্টেকের এক বিবৃতিতে জানানো হয়, সমুদ্রে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর পেশাগত আচরণের বিষয়ে একগুচ্ছ নীতিমালা সম্মেলনে অনুমোদন দেওয়া হয়েছে।

এগুলো সদস্য দেশগুলোর সামুদ্রিক তৎপরতার ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে এবং পারস্পরিক নিরাপত্তা জোরদার করতে হিসেবে ভূমিকা রাখবে বলে বিবৃতিতে আশা প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশ, ভুটান, মিয়ানমার, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ডের প্রতিনিধিদলগুলোর অংশগ্রহণে অনুষ্ঠিত সম্মেলনে সভাপতিত্ব করেন ভারতের প্রধানমন্ত্রীর জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল।

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা বা প্রতিনিধিদলের প্রধানরা সন্ত্রাসবাদ এবং সংগঠিত অপরাধ মোকাবিলা; সাইবার, সামুদ্রিক এবং জ্বালানি খাতে নিরাপত্তা নিশ্চিত করা; যোগাযোগ বৃদ্ধি; কার্যকর দুর্যোগ ব্যবস্থাপনা সহজতর করা এবং নিরাপত্তার জন্য নতুন ও উদীয়মান হুমকি মোকাবিলায় বিভিন্ন পদক্ষেপ নিয়ে মতবিনিময় করেন।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪

সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেকিটি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনাশহরে তাইবাহ বিদ্যুৎকেন্দ্রে হুথিদের জ্বোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার।গোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/njadillite-ojit-dobhaler-sngge-ptirksha-updeshtar-boithk>